



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর: ১৪২

নাটোরে বিএসটিআই ভ্রাম্যমাণ আদালত কর্তৃক ১০ হাজার টাকা জরিমানা

রাজশাহী; ০৮ পৌষ (১৯ ডিসেম্বর):

আজ বৃহস্পতিবার (১৯ ডিসেম্বর) নাটোর জেলার নলডাঙ্গা উপজেলার বিভিন্ন এলাকায় রাজশাহী বিভাগীয় বিএসটিআই ও উপজেলা প্রশাসনের উদ্যোগে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনার সময় বিস্কুটের অনুকূলে সিএম লাইসেন্স রয়েছে বলে মিথ্যা তথ্য প্রদান করার অপরাধে মেসার্স খান বেকারিকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। পাশাপাশি ওজন ও পরিমাপ মানদণ্ড আইন-২০১৮ অনুযায়ী সাহেব স্যানিটারিকে ১ টন ক্ষমতা সম্পন্ন ওজনযন্ত্র যাচাই করে সঠিক পাওয়া গেলেও ওজনযন্ত্রের বৈধ ভেরিফিকেশন সনদ না থাকায় সতর্ক করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন নলডাঙ্গা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. আশিকুর রহমান। সহযোগিতা করেন রাজশাহী বিভাগীয় বিএসটিআই অফিসের পরামর্শক (মেট্রোলজি) মো. দেলোয়ার হোসেন, ফিল্ড অফিসার (সিএম) আসিফ সাদিক।

জনস্বার্থে বিএসটিআইয়ের এ রকম অভিযান অব্যাহত থাকবে বলে জানা যায়।

.....
তোহিদ/আতিক/আরিফ/আলীম/রঞ্জন/হালিম/২০২৪/১৬.৩০ঘ.